



PROBASHI BENGALI CHRISTIAN ASSOCIATION, INC.

U. S. A.

www.PBCAUSA.org

P.O. Box-1568, New York, NY 10159-1568

Tel: (718) 510-7665



PBCA

২৯ তম বার্ষিক সাধারন সভা (02/28/2016)

সভানেত্রীর কোরাম ঘোষণার মাধ্যমে ৫:৪৫ মি: প্রবাসীর ২৯তম বার্ষিক সাধারন সভা মিসেস নমিতা কন্তার প্রার্থনার মাধ্যমে শুরু হয়। অতঃপর তিনি হাউজকে অনুরোধ করেন আজকের সভার মিনিটস রক্ষক নিয়োগ দেয়ার জন্য। কিন্তু হাউজ থেকে কোন প্রস্তাবনা না থাকায় বর্তমান কার্যকরী পরিষদ থেকে সাংগঠনিক সম্পাদিকা মিসেস আগাম্বা রোজারিওকে সভাপতির অনুরোধে মিনিটস রক্ষক হিসেবে মনোনিত করা হয়। হাউজ তা সমর্থন করেন। অতঃপর সভানেত্রী ২৮তম বার্ষিক সাধারন সভার মিনিটস উপস্থাপন করেন। মিনিটস পড়া হবে কিনা জানতে চাওয়া হলে হাউজ থেকে মি: জেমস কোডাইয়া বলেন, কষ্ট করে আবার পড়ার দরকার নাই। আমরা হাউজ পড়ে নিবো এবং যদি কোন প্রশ্ন থাকে তবে আমরা প্রশ্ন করতে পারি। মি: ফ্রান্সিস মানিক ফলিয়া তা সমর্থন করেন। মি: নেভেল ডি রোজারিও জানতে চান গত বার্ষিক সাধারন সভা কয়টার সময় শুরু হয়েছিল এবং কতজন সদস্য উপস্থিত ছিল। হাউজ থেকে আর কোন প্রশ্ন না থাকায় এবং হাউজের সমর্থনে ২৮তম বার্ষিক সাধারন সভার মিনিটস পাশ করা হয়।

অতঃপর সহ-সাধারন সম্পাদক মি: ম্যাথিয়াস রোজারিও (বাবুল) সাধারন সম্পাদকের রিপোর্ট পেশ করেন। সভানেত্রী সবাইকে আহ্বান জানান আলোচনা করার জন্য। রিপোর্ট-এর যথেষ্ট কপি না থাকায় সভানেত্রী দুঃখ প্রকাশ করেন। সহ-সাধারন সম্পাদক তার রিপোর্ট হাউজকে পড়ে শোনান। পড়া শেষ হলে মি: ডেরিক পিনেরু বলেন, প্রবাসীর প্রত্যেক অনুষ্ঠানে কতজন লোক উপস্থিত হয়েছিল তা রিপোর্টে থাকলে ভালো হতো। মি: সুবীর এল রোজারিও বলেন, এটা বড় কোন ভুল নয়, আজকে আমরা এখানে উপস্থিত হয়েছি, আমাদের যদি কোন ভুল-ক্রটি থাকে তা শুধরে নেবার জন্য। যেখানে ভালো দিয়ে শুরু হয়েছে সেখানে শেষও হবে ভালো দিয়ে। তিনি উল্লেখ করেন Christmas Reunion, Picnic, Magazine, Mother Teressa etc. big big program গুলো যাতে প্রতি বৎসর থাকে।

মি: নেভেল ডি: রোজারিও প্রস্তাব করেন সহ-সম্পাদক মি: ম্যাথিয়াস রোজারিও (বাবুল) কে ভারপ্রাণ সম্পাদক হিসেবে পদোন্নতি দেবার জন্য। হাউজ তার প্রস্তাব সমর্থন করেন।

মি: যোসেফ কিশোর গমেজ বলেন, জার্সি সিটিতে আরো বেশী করে অনুষ্ঠান করার জন্য। যাতে বেশী করে জার্সিবাসী প্রবাসীর সকল অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারে। গতানুগতিক অনুষ্ঠানের বাইরে যদি আরো কিছু করা যায়। বড়দিনের অনুষ্ঠান যদি অন্যভাবে করা যায়। তিনি বলেন, অনুষ্ঠানে ভিন্নভা আনার জন্য। সভানেত্রী তার সুন্দর প্রস্তাব-এর জন্য ধন্যবাদ জানান। আর কোন আলোচনা না থাকায় মি: রিচার্ড বিশ্বসের প্রস্তাবনায় এবং মি: নেভেল ডি: রোজারিওও সমর্থনে সাধারন সম্পাদকের রিপোর্ট পাশ করা হয়।

সংগঠনের হিসাব রক্ষক মি: জুড শ্রীমত পিউরিফিকেশন অসুস্থ্য থাকায় সভানেত্রী তার রিপোর্ট হাউজে উপস্থাপন করেন। মি: ডেরিক পিনেরু বলেন, হিসেবে ওপেনিং ব্যালেন্স নেই, ক্যাশ-এর হিসেব নেই, বাজেট নেই, এইসব ভুল ভবিষ্যতে যাতে না হয় সেদিকে নজর দেবার জন্য।

মি: স্টিফেন সুবীর রোজারিও বলেন, ভবিষ্যতে অডিটর হিসাবে ২জন রাখার জন্য এবং সকল ভুল যাতে সংশোধন করা হয়। মি: নেভেল ডি রোজারিও বলেন যদি ব্যাংকে কোন টাকা না থাকে তাহলে \$50.00 সুদ কোথা থেকে আসলো। মি: যোসেফ কিশোর গমেজ বলেন, এটা আসলে \$50.00 না এটা \$0.00। এরপর ট্রেজারারের রিপোর্ট পাশ করা হয়।

বিবিধ আলোচনায় সভানেত্রী সবাইকে স্বতঃকুর্তব্যে অংশগ্রহণ করার আহ্বান জানান। যোসেফ কিশোর গমেজ বলেন এজিএম-এর চিঠি যদি সম্ভব হয় আরো আগে দেবার জন্য। যদি আরো সম্ভব হয় তবে নির্বাচনের পূর্বে প্রেসিডেন্ট পদপ্রার্থী যারা হবেন তাদের নিয়ে কোন আলোচনার ব্যবস্থা করা যায় কিনা।

মি: যোসেফ ডি: ক্রজ বাচাদের নিয়ে আরো বেশী অনুষ্ঠান করার প্রস্তাব করেন। জুলিয়াস অপু বৈরাগী জানতে চান ফেসবুক অথবা প্রবাসী ওয়েবসাইট কোনটা আমরা ফলো করবো? সভানেত্রী বলেন, আপনার যেটা পছন্দ।

রিচার্ড ফিলিপ গমেজ বলেন, মূত সদস্যদের জন্য যদি কোন ফাস্ট গঠন করা যায় সেইজন্য প্রয়োজনে প্রতিমাসে \$2.00 করে প্রতি ফ্যামিলি থেকে সংগ্রহ করা যায় কিনা। মি: নেভেল ডি: রোজারিও প্রস্তাব করেন প্রবাসীর ইনকাম থেকে সম্ভব হলে ১০% অথবা ২০% সম্ভয় করে Funeral Fund গঠন করা যায় কিনা। সভানেত্রী বলেন সবাইকে Life Insurance করার জন্য।

By Laws নিয়ে কথা বলেন মি: ষিফেন, মি: কিশোর, মি: নেভেল, একই কথার সূত্র ধরে মি: পিনেরু জানতে চান কারা নির্বাচনে প্রার্থী হতে পারবেন এবং কারা ভোট প্রদান করতে পারবেন? মি: সাইমন গমেজ বলেন, নির্বাচন সংক্রান্ত সকল প্রশ্নের উত্তর By Laws-এ দেয়া আছে। সংবিধান যেভাবে বলবে নির্বাচন সেইভাবেই হবে।

মি: প্যাট্রিক রোজারিও জানতে চান, আগামী নির্বাচন কবে নাগাদ হবে? মি: নেভেল ডি: রোজারিও বলেন, সংবিধান নিয়ে যদি কোন সংশয় থাকে তবে যাতে কার্যকরী পরিষদ সংবিধান বিষয়ে যারা সুদৃশ্য ধারণা রাখেন তাদের নিয়ে বসে আলোচনা করে ঠিক করবেন। একই কথার সূত্র ধরে মি: প্যাট্রিক রোজারিও, মি: যোসেফ কিশোর গমেজ, মি: সুবীর এল রোজারিও নির্বাচনের পূর্বে সংবিধান নিয়ে আলোচনা করার প্রস্তাব করেন।

সবার কথার পরিপ্রেক্ষিতে সভানেত্রী বলেন, যেহেতু নির্বাচনের বৎসর সেহেতু অনেক কাজ, আবার যেহেতু সংবিধান সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনায় বসতে হবে, সেহেতু সকল কাজ সুসম্পন্ন করার পর, এবং সংবিধান সংক্রান্ত আলোচনা শেষ হলেই তিনি বলতে পারবেন কবে নাগাদ এজিএম এবং নির্বাচন হতে পারে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভানেত্রী আজকের সভায় আগত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি তিনি সকল সদস্যকে আহ্বান জানান প্রবাসীর আগামী প্রত্যেকটা অনুষ্ঠান যাতে সকলের অংশগ্রহণের মাধ্যমে সুসম্পন্ন হয় সেদিকে দৃষ্টি রাখার জন্য। সর্বশেষে মিসেস শীলা রোজারিও-এর প্রার্থনার মাধ্যমে রাত ৮:২০ মিনিটে ২৯তম বার্ষিক সাধারন সভা সমাপ্ত হয়।

মিনিটস সম্পাদিকা
আগাম্বা রোজারিও